



বাংলাদেশ কম্পিউটার সোসাইটি  
BANGLADESH COMPUTER SOCIETY  
ELECTION COMMISSION - 2023


১০ ফেব্রুয়ারী ২০২৪ খ্রীঃ

বিসিএস নির্বাচন ২০২৩ আচরণবিধি (নতুন করে যুক্ত)

বিসিএস নির্বাচন-২০২৩ এর তফসিলে বর্ণিত আচরণবিধি, ০৯ ডিসেম্বর ২০২৩ তারিখের ঘোষিত আচরণবিধি বলবত থাকবে। সূষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচনের স্বার্থে নতুন নির্বাচনী কেন্দ্রের জন্য প্রয়োজ্য নিম্নলিখিত আচরণবিধি পূর্বের আচরণবিধির সাথে যুক্ত করা হলঃ

- (১) কলেজ ভাউন্ডারির ভিতরে কোন প্রকার প্যান্ডেল বা ছাউনি টানানো যাবে না এবং নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত ১০০টি চেয়ার ভাগাভাগি করে ব্যবহার করতে হবে। কথিত কোন এক প্যানেল কিংবা একজন প্রার্থী গেটের বাম অথবা ডান কোন এক পাশ ব্যবহার করতে হবে।
- (২) নির্বাচন কমিশনের অনুমতি ছাড়া নির্বাচনের দিন ভোট কেন্দ্রে ভোটার ব্যাতিত অন্য কেহ প্রবেশ করতে পারবে না;
- (৩) ভোট কেন্দ্রের ভাউন্ডারির ভিতর বা ভোট কেন্দ্রের বাহিরে ২০০ মিটার পরিধির মধ্যে কোন রকম গোলযোগ করা যাবে না। উক্ত এলাকার মধ্যে কোন প্রকার শব্দ যন্ত্র (লাউড স্পিকার, মাইক, ইত্যাদি) ব্যবহার করা যাবে না;
- (৪) ভোট কেন্দ্রের দেয়ালে বা তার আশে পাশে একজন প্রার্থীর পোস্টার/ব্যানার/ ফ্যাস্টুন এর উপর অন্য প্রার্থীর ব্যানার, পোস্টার, ফ্যাস্টুন টানানো যাবে না;
- (৫) কথিত কোন এক প্যানেল কিংবা একজন প্রার্থী পুরো দেয়াল দখল করতে পারবে না। মেইন গেটের বাহিরে বাম অথবা ডান কোন এক পাশের দেয়ালে পোস্টার/ব্যানার/ ফ্যাস্টুন টানাতে হবে;
- (৬) পথচারী বা গাড়ীর চলাচলে অসুবিধা হয় এমন আকার ও আকৃতির পোস্টার/ব্যানার/ ফ্যাস্টুন টানানো যাবে না। সাধারণের চলাচলে বিঘ্ন ঘটানো যাবে না।

বিসিএস নির্বাচন-২০২৩ এর সকল প্রার্থী, প্রার্থীর নির্বাচনী এজেন্ট ও প্রার্থীর সমর্থকগণের উপরে উল্লেখিত সকল আচরণবিধি মানতে বাধ্য থাকবেন। অন্যথায় নির্বাচন কমিশন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। নির্বাচন কমিশন সকলের সহযোগিতা কামনা করছে।

  
মোঃ দেলোয়ার হোসেন  
প্রধান নির্বাচন কমিশনার